গাংনী থানা পুলিশ ও গাংনী হাসপাতালের চিকিৎসকদের মধ্যে উত্তেজনাকর খেলায় ট্রফি নিলেন থানা পুলিশ

পেশায় তারা চিকিৎসক ও বাংলাদেশ পুলিশ। উভয়ই গুরুত্বপূর্ণ পেশার মানুষ তারা। ২৪ ঘন্টায় নিবীড় দায়ীত্ববোধ ও কর্তব্য পালন করাই যাদের পেশা। বিনোদন যেনো তাদের কাছে সোনার হরিণ।

যারা বিনোদন দিয়ে থাকেন তাদের নিরাপত্তা দেন পুলিশ। সেই বিনোদন যেনো বিষাদে পরিণত না হয় সে দায়ীত্বও পালন করেন উভয় পেশার মানুষ। বুধবার গাংনী উপজেলার ধানখোলা গ্রামের মাধ্যমিক বিদ্যালয় মাঠে বিকালটাতে ছিল কানায় কানায় পূর্ণ দর্শক।

স্থানীয় একটি যুব সংগঠণের আয়োজনে দর্শক নন্দিত ফুটবল টূর্ণামেন্টে অংশ নেয় গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্◌্র বনাম গাংনী থানা পুলিশ। শুধু দায়ীত্ব আর কর্তব্য নয়, এবার তারাও মাঠে নেমে হাজারো দর্শক মাতালেন চিকিৎসক ও পুলিশ বাহিনীর সদস্যরা।

তার মাঠ কাপালেন ৯০ মিনিট সময় ধরে। চিকিৎসক ও পুলিশের এই ফ্রেন্ডশীপ টূর্ণামেন্টের উত্তেজনায় মেতেছিলেন এলাকার হাজারও দর্শক। মাঠে ছিল দর্শকদের উচ্ছাসিত করতালি আর মূহূর্মহু শ্লোগান। খেলার প্রথমার্ধে বাংলাদেশ পুলিশের পক্ষে একটি গোল করে গাংনী থানার উপপরিদর্শক (এসআই) নুর ও চিকিৎসকের পক্ষে একটি গোল করেন গাংনী হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডাক্তার মারুফ। খেলাটি ১-১ গোলে খেলাটি ড্র হলে পরে ট্রাইব্রেকারে যাওয়ার সিদ্ধান্ত নেন খেলার রেফরি।

ট্রাইব্রেকারে গাংনী হাসপাতাল একাদশকে ৩-১ গোলে পরাজিত করে ট্রফি জিতে নেন গাংনী থানা পুলিশ একাদশ। খেলায় গাংনী থানা পুলিশ একাদশের রক্ষনভাগের খেলোয়াড় উপপরিদর্শক (এসআই) নুর ম্যান অফ দ্যা ম্যাচ নির্বাচিত হন।

খেলা শেষে বক্তব্য রাখেন গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক

মখলেছুর রহমান মুকুলসহ অন্যান্যরা। খেলা শেষে বিজয়ী ট্রফি গ্রহণ গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক।

এশিয়া কাপে পাকিস্তানের দল ঘোষণা

সংযুক্ত আরব আমিরাতে টি-২০ ফরম্যাটে অনুষ্ঠিত এশিয়া কাপের জন্য ১৫ সদস্যের দল ঘোষণা করেছেন পাকিস্তান ক্রিকেট বোর্ডের (পিসিবি) নির্বাচকরা। দল থেকে বাদ পড়েছেন হাসান আলি।

মঙ্গলবার এশিয়া কাপের সূচি ঘোষণা করা হয়েছে। আগামী ২৭ সেপ্টেম্বর শুরু হবে আসর।

ভারত ও পাকিস্তান একই গ্রুপে পড়েছে। সূচি ঘোষণার একদিন পরেই দল দিল পিসিবি। ওই দলে চমক কেবল ১৯ বছর বয়সি পেসার নাসিম শাহ।

এশিয়া কাপের দলে রাখা হয়েছে ইনজুরি আক্রান্ত বাঁহাতি পেসার শাহিন শাহ আফ্রিদিকে। শ্রীলংকার বিপক্ষে টেস্ট সিরিজে ইনজুরিতে পড়েন তিনি। এশিয়া কাপের আগে পুরোপুরি ফিট হলেই তাকে খেলানো হবে বলেও উল্লেখ করা হয়েছে।

পিসিবির প্রধান নির্বাচক মোহাম্মদ ওয়াসিম বলেছেন, যেখানে দরকার সেখানেই কেবল আমরা পরিবর্তন এনেছি। এর বাইরে কোচ এবং অধিনায়কের সঙ্গে কথা বলে সম্ভাব্য সেরা দলটাই বেছে নেওয়া হয়েছে।

নাসিম শাহকে দলে নেওয়ার প্রসঙ্গে পিসিবি নির্বাচক বলেন, আন্তর্জাতিক ক্রিকেট থেকে হাসানকে সাময়িক বিশ্রাম দেওয়া হয়েছে। তার জায়গায় নাসিম ভালো করবে বলে আশা করছি। নাসিমের সাদা বলের ক্রিকেট খেলার অভিজ্ঞতা নেই। তবে টেস্টে নিয়ন্ত্রিত পেস ও সুইং দিয়ে আগ্রাসী বোলিং করতে পারে সে। যেটা দলের কাজে দেবে।

পাকিস্তানের এশিয়া কাপ দল
বাবর আজম (অধিনায়ক), শাদাব খান (সহঅধিনায়ক), ফখর জামান, হায়দার আলি, হ্যারিস রউফ, ইফতেখার আহমেদ, খুলদিল শাহ, মোহাম্মদ নওয়াজ,

মোহাম্মদ রিজওয়ান, মোহাম্মদ ওয়াসিম জুনিয়র, নাসিম শাহ, শাহিন শাহ আফ্রিদি, শাহ নেওয়াজ দাহানি, উসমান কাদির।

‘ফাইনালে’ টস হেরে ফিল্ডিংয়ে বাংলাদেশ

জিম্বাবুয়ের বিপক্ষে অঘোষিত ফাইনালে টস হেরে আবারও ফিল্ডিংয়ে বাংলাদেশ দল।

জিম্বাবুয়ের হারারে স্পোর্টস ক্লাব মাঠে ম্যাচটি অনুষ্ঠিত হচ্ছে।

এর আগে তিন ম্যাচ সিরিজের প্রথম টি-টোয়েন্টিতে বাংলাদেশের বোলারদের তুরুপের তাসে পরিণত করে ২০৫ রানের রানের পাহাড় গড়ে। রানের সেই পাহাড় ডিঙ্গাতে নেমে ১৭ রানে হারে টাইগাররা।

সিরিজের দ্বিতীয় ম্যাচে জিম্বাবুয়েকে একাই ধসিয়ে দেন অফ স্পিনার মোসাদ্দেক হোসেন সৈকত। ইনিংসের উদ্বোধনী ওভার থেকে শুরু করে প্রথম ৭ ওভারের মধ্যেই নিজের প্রথম স্পেলে ৪ ওভারে মাত্র ২০ রান খরচ করে স্বাগতিক দলের প্রথম সারির ৫ ব্যাটসম্যানকে সাজঘরে ফেরান সৈকত। ৩১ রানে ৫ উইকেট হারানো দলটি সিকান্দার রাজার দায়িত্বশীল ব্যাটিংয়ে ভর করে শেষ পর্যন্ত ৮ উইকেট হারিয়ে ১৩৫ রান করে।

টার্গেট তাড়ায় লিটন দাসের ঝড়ো ফিফটিতে ভর করে ১৫ বল আগেই ৭ উইকেটের দাপুটে জয়ে সিরিজে ১-১ সমতায় ফেরে বাংলাদেশ।

মঙ্গলবার সিরিজের তৃতীয় ও শেষ টি-টোয়েন্টি ম্যাচে মুখোমুখি জিম্বাবুয়ে-বাংলাদেশ। এই ম্যাচটি উভয় দলের জন্যই গুরুত্বপূর্ণ; যারা জিতবে সিরিজ তাদেরই হবে।

শেষ টি-টোয়েন্টিতে অধিনায়ক কে, জানালেন নান্নু

জিম্বাবুয়ের বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজের প্রথম ম্যাচে হারলেও রোববার দ্বিতীয় ম্যাচ জিতে সমতায় ফেরে বাংলাদেশ।

তৃপ্তির ঢেকুর তোলা বন্ধ করে দিতে পারে যে দুঃসংবাদ— বাঁহাতের তর্জনীতে চোট পেয়ে অধিনায়কত্ব তো বটেই সিরিজ থেকেই ছিটকে গেছেন নুরুল হাসান সোহান।

তবে শেষ টি-টোয়েন্টিতে সোহানের অনুপস্থিতিতে কে হবেন অধিনায়ক? দলের নেতৃত্ব দেবেন কে?

আগামীকাল হারারেতে বিকাল ৫টায় শুরু হবে ম্যাচ। তবে বাংলাদেশ ক্রিকেট বোর্ডের পক্ষ থেকে এখন পর্যন্ত আনুষ্ঠানিকভাবে অধিনায়কের নাম ঘোষণা করা হয়নি।

তবে প্রধান নির্বাচক মিনহাজুল আবেদিন নান্নু আভাস দিলেন, সোহানের অবর্তমানে লিটন দাসের কাঁধে পড়তে পারে এ দায়িত্ব। এ ছাড়া আর কাউকে দেখছেন না তিনি।

নান্নু বলেন, শেষ ম্যাচের জন্য ভারপ্রাপ্ত অধিনায়ক মনোনয়ন করবে ক্রিকেট বোর্ড। বিসিবির ক্রিকেট অপারেশন্স কমিটির চেয়ারম্যান জালাল ভাই (জালাল ইউনুস) তা ঘোষণা করবেন। তবে নির্বাচকদের মতামত নেওয়া হয়।

সে ক্ষেত্রে দলের আরেক উইকেটকিপার-ব্যাটার লিটনকেই পছন্দ প্রধান নির্বাচকের।

নান্নু বলেন, ‘লিটন হতে পারে। সম্ভাব্য বিকল্প হিসেবে তাকেই চোখে পড়ছে। তবে সিদ্ধান্তটা নেবে বোর্ড। আর ঘোষণা দেবেন জালাল ভাই।’

একইরকম বক্তব্য এসেছে ক্রিকেট অপারেশন্স কমিটির চেয়ারম্যান জালাল ইউনুসের কাছ থেকে।

সোমবার জালাল ইউনুস জানিয়েছিলেন, ‘ভেবেচিন্তেই অধিনায়ক ঠিক করব। তবে লিটন দাসের সম্ভাবনাই বেশি। সব বিচার বিবেচনায় লিটনই হয়তো

শেষ ম্যাচের অধিনায়ক।’

প্রসঙ্গত দ্বিতীয় ম্যাচে কিপিংয়ের সময় আঙুলে চোট পান নুরুল হাসান সোহান। পরে এক্স-রে করানো হলে সেই আঙুলে চিড় ধরা পড়ে । যার কারণে সফরই শেষ হয়ে গেল তার।

শিখতে আসিনি জিততে এসেছি: সোহান

বাংলাদেশ দলটা তারুণ্যনির্ভর। অপেক্ষাকৃত দুর্বল প্রতিপক্ষ জিম্বাবুয়ে। কিন্তু ফরম্যাটটা যখন টি-টোয়েন্টি, আগ বাড়িয়ে অতি উচ্ছ্বাস দেখানোটা হবে ভুল।

তার ওপর অধিনায়ক নতুন। দলে নেই সাকিব আল হাসান, মাহমুদউল্লাহ রিয়াদ, মুশফিকুর রহিমদের মতো সিনিয়র কেউ।

এদিকে এই সংস্করণে রেকর্ডও সুখকর নয়। এই পটভূমিতে হারারে স্পোর্টস ক্লাব মাঠে তিন ম্যাচ সিরিজের প্রথম টি-টোয়েন্টিতে আজ স্বাগতিক জিম্বাবুয়ের মুখোমুখি হবে বাংলাদেশ।

বাংলাদেশ সময় বিকাল ৫টায় শুরু হবে ম্যাচ। একঝাঁক তরুণ নিয়ে কেমন খেলবেন? সিরিজ জয় করতে পারবেন? নাকি তরুণরা সেখানে শিখতে গেছেন, অভিজ্ঞতার ঝুলি বড় করতে গেছেন!

জবাবে টি-টোয়েন্টি ফরম্যাটের নতুন অধিনায়ক জানালেন, শিখতে নয় সিরিজ জিততে জিম্বাবুয়ে সফরে গেছে বাংলাদেশ।

ম্যাচের আগেরদিন সংবাদ সম্মেলনে দৃপ্ত কণ্ঠে নুরুল হাসান সোহান বলেন, ‘আমরা জানি (এমন দল নিয়ে) চ্যালেঞ্জের মুখে পড়তে যাচ্ছি। তবে সেই চ্যালেঞ্জ মোকাবিলায় আমরা প্রস্তুত। হয়তো এটি তরুণ দল। তবে আমরা শিখতে আসিনি, জিততে এসেছি।’

নিজের দলকে অনভিজ্ঞও মানতে নারাজ সোহান। বললেন, ‘বলতে পারেন না যে আমরা অনভিজ্ঞ দল। কারণ অনেক খেলোয়াড়ই ৬-৭ বছর ধরে খেলছে। তাই

আমার মনে হয় অভিজ্ঞতা ঠিক আছে। কন্ডিশন হয়তো একটু আলাদা। তবে এটি অজুহাত হতে পারে না। আমরা আমাদের ব্র্যান্ড অব ক্রিকেট খেলতে চাই। অনেক দল আছে যারা পাওয়ার হিটিংয়ে এগিয়ে। তবে আমরা যদি বুদ্ধিদীপ্ত ক্রিকেট খেলতে পারি তাহলে সবসময়ই সুযোগ থাকবে।’

বাংলাদেশের বিপক্ষে নামার আগে জিম্বাবুয়ে দলে জোড়া দুঃসংবাদ

টি-টোয়েন্টি বিশ্বকাপের বাছাইপর্ব থেকে মূল পর্বে জায়গা করে নিয়ে বেশ খোশমেজাজে ছিল জিম্বাবুয়ে।

এর আগে ঘরের মাঠে বাংলাদেশের বিপক্ষে সমান তিনটি করে টি-টোয়েন্টি ও ওয়ানডে ম্যাচ খেলার প্রস্তুতি নিচ্ছিল দলটি।

সিরিজ দুটি খেলতে বাংলাদেশ দলও এখন জিম্বাবুয়ের হারারেতে অবস্থান করছে।

এরইমধ্যে জোড়া দুঃসংবাদ ভেসে এলো জিম্বাবুয়ে শিবিরে। দলটির প্রধান দুই বোলিং অস্ত্র টেন্ডাই চাতারা আর ব্লেসিং মুজারাবানি চোটে আক্রান্ত।

বাংলাদেশের বিপক্ষে আসন্ন হোম সিরিজে তাদের ছাড়াই নামতে হচ্ছে দলটিকে। অথচ চাতারা ও মুজারাবানির বোলিং নৈপুণ্যেই বাংলাদেশের বিপক্ষে সর্বশেষ একটি টি-টোয়েন্টি জিতেছিল জিম্বাবুয়ে।

জানা গেছে, সম্প্রতি ঘরের মাঠে বিশ্বকাপ বাছাইপর্বে দুই ম্যাচ খেলার পর কলারবোনে চোট পান চাতারা। এরপর আর দল থেকেই ছিটকে পড়েন।

একই দুর্ভাগ্য মুজারাবানির। বাছাইপর্বের চার ম্যাচ পর উরুতে চোট পান এ পেসার। এরপর মাঠে নামার ফিটনেস হারিয়ে ফেলেন। ফলে ৪ ম্যাচে ৫ উইকেট পাওয়া তিনিও আর খেলতে পারেননি বিশ্বকাপ বাছাইপর্বে।

বাংলাদেশ সিরিজের আগে ইনজুরি কাটিয়ে উঠতে পারছেন না এ দুই

জিম্বাবুয়ান পেসার।

গোটা সিরিজে তাদের বদলে দলে জায়গা পেয়েছেন অলরাউন্ডার টনি মুনিয়োঙ্গা ও পেসার টানাকা চিভাঙ্গা। যারা বিশ্বকাপ বাছাইপর্বেও চাতারা আর মুজারাবানির বিকল্প হিসেবে খেলেছিলেন।

আগামীকাল হারারে স্পোর্টস ক্লাবে প্রথম টি-টোয়েন্টিতে জিম্বাবুয়ের মুখোমুখি হবে বাংলাদেশ। ৩১ জুলাই ও ২ আগস্ট একই ভেন্যুতে পরের দুই ম্যাচ হবে। সবকটি ম্যাচ শুরু হবে বাংলাদেশ সময় বিকেল ৫টায়।

বাংলাদেশের বিপক্ষে জিম্বাবুয়ের টি-টোয়েন্টি স্কোয়াড

ক্রেইগ আরভিন (অধিনায়ক), শন উইলিয়ামস, সিকান্দার রাজা, ওয়েলিংটন মাসাদাকাদজা, রায়ান বার্ল, রেজিস চাকাভা, চিভাঙ্গা টানাকা, লুক জংউই, ইনোসেন্ট কাইয়া, ওয়েসলি মাধেভেরে, তাদিওয়ানাশে মারুমানি, রিচার্ড এনগারাভা, টনি মুনিওঙ্গা, ভিক্টর নিয়াউচি, মিল্টন শুম্বা।

তথ্যসূত্র: ক্রিকইনফো

‘ভাই বলেছিলেন ভারতের বিপক্ষে গোল করতে হবে’

সাফ অনূর্ধ্ব-২০ ফুটবল চ্যাম্পিয়নশিপে বর্তমান চ্যাম্পিয়ন ভারতকে ২-১ গোলে হারিয়েছে বাংলাদেশ।

ম্যাচে বাংলাদেশের পক্ষে দুটি গোলই করেছেন কুষ্টিয়ার কিশোর পিয়াস আহমেদ নোভা। ভারত-বধের একমাত্র নায়ক লাল-সবুজ দলের এ ফরোয়ার্ড।

ভারতের বিপক্ষে গোল করবে পিয়াস, ম্যাচের আগে এমন আশা করেছিলেন— এ ফরোয়ার্ডের বড় ভাই। পিয়াস সে আশা পূরণ করেছেন।

সেই কথা জানিয়ে ভারতকে হারানোর নায়ক পিয়াস গণমাধ্যমকে বলেছেন, ‘আশা ছিল ভারতের বিপক্ষে গোল করব। সেটি পেরেছি। এ জন্য আমি খুশি। ম্যাচের আগে ফোন করে আমার ভাই বলেছিলেন, ভারত অনেক বড় দেশ। ওদের একটি প্রদেশের সমান আমরা। ভারতের বিপক্ষে তোমাকে গোল করতে হবে। আমি ভাইয়ের আশাও পূরণ করতে পেরেছি।’

এ ফরোয়ার্ড আরও বলেন, ‘ম্যাচে নামলে চেষ্টা করি গোল করতে। এর আগের ম্যাচে গোল পাইনি। ইচ্ছে ছিল ভারতের বিপক্ষে গোল করার। গোল পেয়ে অনেক ভালো লাগছে।’

ভারতের উড়িষ্যা রাজ্যের ভুবনেশ্বরের কালিঙ্গা স্টেডিয়ামে বুধবার ম্যাচটি অনুষ্ঠিত হয়।

ম্যাচের ৩০তম মিনিটে ইমরান খানের লম্বা পাস ধরে এক ডিফেন্ডারকে কাটিয়ে বাঁ-পায়ের প্লেসিংয়ে গোল করেন ফরোয়ার্ড পিয়াস আহমেদ। পরের মিনিটেই গুরকিরাত সিংয়ের হেডে সমতায় ফেরে ভারত।

প্রথমার্ধের শেষ দিকে পেনাল্টি থেকে নিজের ও দলের দ্বিতীয় গোল করে পিয়াস। ২-১ গোলে এগিয়ে থাকাটা ধরে রেখে ম্যাচ শেষে উল্লাসে ফেটে পড়েন লাল-সবুজ জার্সিধারীরা।

বাংলাদেশের এটি টানা দ্বিতীয় জয়। প্রথম ম্যাচে ১-০ গোলে শ্রীলংকাকে হারিয়েছিলেন পল স্মলির শিষ্যরা।

লক্ষ্য সিরিজ জেতা, তবে সহজ হবে না: তাসকিন

মঙ্গলবার রাতে জিম্বাবুয়ের উদ্দেশে ঢাকা ছেড়েছে বাংলাদেশ দল। তিনটি টি-টোয়েন্টি ও সমসংখ্যক ওয়ানডে খেলতে জিম্বাবুয়ে গেছেন টাইগাররা। দেশ ছাড়ার আগে দলের তারকা পেসার তাসকিন আহমেদ জানিয়েছেন, জিম্বাবুয়ের মাটিতে লক্ষ্য থাকবে সিরিজ জেতার, তবে সেটি সহজ হবে না।

তাসকিন বলেন, ‘ভালো ফল আশা করছি। তবে ওদের মাঠে ওদের বিপক্ষে

কষ্ট করেই জিততে হয়। গতবছর খেলেছিলাম, প্রতিটি ম্যাচই কিন্তু আমাদের কঠিন সময় দিয়েছিল ওরা। এবারও কষ্ট করে জিততে হবে। অবশ্যই লক্ষ্য থাকবে সিরিজ জেতার। তবে সহজ হবে না।’

তিনি বলেন, ‘ব্যক্তিগত লক্ষ্য একই থাকবে। আগের বারের মতো এবারও সেরাটা দেওয়ার চেষ্টা থাকবে। দলকে জেতানোর পেছনে আমার যেনো অবদান থাকে। নতুনত্ব নিয়ে কাজ করছি। তবে সবকিছু নির্ভর করবে কেমন ধরনের উইকেট থাকবে, কেমন বোলিং করা যায় ওটাই আর কি।’

তরুণদের নিয়ে গড়া দলের দায়িত্ব দেওয়া হয়েছে নুরুল হাসান সোহানের কাঁধে। ঘরোয়া ক্রিকেটে সাফল্যের সঙ্গে দলকে নেতৃত্ব দেওয়া সোহান, আন্তর্জাতিক মঞ্চেও ভালো করবে বলে বিশ্বাস তাসকিনের। মঙ্গলবার রাতে বিমানবন্দরে এ কথাই জানিয়ে গেলেন এই পেসার।

‘সোহান আশা করি অবশ্যই ভালো করবে। ঘরোয়া ক্রিকেটে তো সবসময় ভালো করে। যদি আন্তর্জাতিক ক্রিকেট আলাদা। তবে আশাবাদী সেখানেও সে ভালো করবে।’

এ সময় পেস ডিপার্টমেন্ট নিয়ে আশার কথা জানিয়ে তিনি আরও বলেন, ‘পেস ডিপার্টমেন্ট নিয়ে আমরা আশাবাদী। গত দুই বছর ধরেই কিন্তু মাশাআল্লাহ্ উন্নতি হচ্ছে। এখনও আমরা আমাদের স্বপ্নের জায়গায় পৌঁছতে পারিনি। তবে আমরা চেষ্টা করে যাচ্ছি। আগের চেয়ে ভালো অবস্থানে আছি।’

ব্যক্তিগতভাবে সিরিজটি ভালো কাটেনি তাসকিনেরও। দুই ম্যাচে সুযোগ পেয়ে ৬ ওভারে খরচ করে বসেন ৫৬ রান, পাননি উইকেটের দেখা। অবশ্য সেই সফরের টেস্ট সিরিজে ব্যাট হাতে খেলেছিলেন ক্যারিয়ারসেরা ৭৫ রানের ইনিংস। এবার সেরাটা দেওয়ার চেষ্টার কথা জানিয়েছেন তাসকিন।

গত বছর জুলাই মাসেই জিম্বাবুয়ের মাটিতে টি-টোয়েন্টি সিরিজ খেলেছিল বাংলাদেশ। সেই সিরিজে ২-১ ব্যবধানে জিতেছিল টাইগাররা। তবে সিরিজের দ্বিতীয় ম্যাচ জেতার তৃতীয় ম্যাচেও ১৯৩ রানের বড় সংগ্রহ দাঁড় করিয়ে কঠিন পরীক্ষা নিয়েছিল স্বাগতিকরা।

কলম্বিয়ার কাছে হেরে ফাইনালের স্বপ্নভঙ্গ আর্জেন্টিনার

কোপা আমেরিকা মেয়েদের সেমিফাইনালে স্বাগতিক কলম্বিয়ার সামনে টিকে থাকতে পারলেন না আর্জেন্টিনার মেয়েরা। হেরে গেলেন ১-০ ব্যবধানে। এই হারে ২০০৬ সালের পর দ্বিতীয়বারের মতো কোপা আমেরিকার শিরোপা ছুঁয়ে দেখার স্বপ্নভঙ্গ হলো।

এস্তাদিও আলফনসো লোপেজে শুরু থেকেই দাপটের সঙ্গে খেলেছে কলম্বিয়া। বলের দখলে আর্জেন্টিনা কিঞ্চিত এগিয়ে থাকলেও গোলে শট নেওয়ার দিক দিয়ে অনেকটা এগিয়ে ছিলেন স্বাগতিকরা। তবে প্রথমার্ধে দুদলের কেউই কারও গোলমুখ উন্মুক্ত করতে পারেননি।

অবশেষে দ্বিতীয়ার্ধে ম্যাচের একমাত্র গোলটি করেছেন কলম্বিয়ার লিন্দা লিজেথ। ৬৩ মিনিটে তার করা সেই গোলেই ফাইনালে টিকিট নিশ্চিত হয়েছে স্বাগতিকদের। গোল হজমের পর ম্যাচে ফিরতে মরিয়া হয়ে ওঠেন আর্জেন্টাইনরা। তবে তাতে হিতে বিপরীত হয়। ৭৩ মিনিটে দ্বিতীয় হলুদকার্ড তথা লালকার্ড দেখে মাঠ ছাড়তে হয় দলটির মিডফিল্ডার গ্যাব্রিয়েলা শ্যাভেজকে। প্রথমার্ধের ২৩ মিনিটে প্রথম হলুদকার্ড দেখেছিলেন এই আর্জেন্টাইন।

বুধবার বাংলাদেশ সময় ভোর ৬টায় ফাইনালে ওঠার মিশনে মাঠে নামবে সাতবারের কোপা আমেরিকা ফেমেনিনা চ্যাম্পিয়ন ব্রাজিল, প্রতিপক্ষ প্যারাগুয়ে।

প্রেসিডেন্টসহ একযোগে পদত্যাগ করলেন ক্রিকেট বোর্ডের সব সদস্য

অবিশ্বাস্য এক কাণ্ড ঘটিয়েছে স্কটল্যান্ড ক্রিকেট বোর্ড! সব

সদস্যকে নিয়ে একযোগে পদত্যাগ করেছেন বোর্ডের প্রেসিডেন্ট।

ইএসপিএন ক্রিক ইনফো ও দ্য গার্ডিয়ান জানিয়েছে, গত বছর স্কটল্যান্ড বোর্ডের বিরুদ্ধে দেশটির সাবেক ক্রিকেটার মজিদ হক প্রাতিষ্ঠানিক বর্ণবাদের অভিযোগ করেন। সেই অভিযোগের তদন্ত প্রতিবেদন আজ প্রকাশিত হওয়ার কথা।

আর প্রতিবেদন প্রকাশের আগেই বোর্ডের সবাই একসঙ্গে পদত্যাগের সিদ্ধান্ত জানিয়েছেন। সামাজিক যোগাযোগ মাধ্যম টুইটারে এ পদত্যাগের ঘোষণা দেন তারা।

পদত্যাগের বিবৃতিতে অবশ্য বর্ণবাদের অভিযোগের সত্যতা পরোক্ষভাবে স্বীকার করে নিয়েছে স্কটল্যান্ড বোর্ড।

বোর্ডের অন্তর্বর্তীকালীন প্রধান নির্বাহী গর্ডন আর্থুরকে দেওয়া পদত্যাগপত্রে তারা লিখেছেন, ‘এই প্রতিবেদন থেকে যা আসবে, সেসব কার্যকরী করতে বোর্ড বদ্ধপরিকর ছিল। যারাই ক্রিকেট স্কটল্যান্ডে বর্ণবাদ অথবা যেকোনো ধরনের বৈষম্যের শিকার হয়েছেন, তাদের কাছে আমরা দুঃখ প্রকাশ করছি এবং এর আগেই প্রকাশ্যে ক্ষমা চেয়েছি। আমাদের বিশ্বাস, সামনের দিনগুলোতে প্রয়োজনীয় উন্নতির জন্যই আমাদের সরে দাঁড়ানো উচিত।’

২০১৫ সালের বিশ্বকাপ থেকে হুট করেই মজিদ হককে দেশে পাঠায় স্কটিশ টিম ম্যানেজমেন্ট। এরপর আর জাতীয় দলে নিজেকে যুক্ত করতে পারেননি মজিদ। গতবছর মজিদ বোর্ডের বর্ণবৈষম্যের শিকার হয়েছেন বলে অভিযোগ তোলেন।

৫৪ ওয়ানডে ও ২১ টি-টোয়েন্টিতে থেমে যায় তার ক্যারিয়ার। এ দুই ফরম্যাটে যথাক্রমে ৬০ ও ২৮টি উইকেটে রয়েছে তার।